



দিল্লি বিস্ফোরণে বাংলাদেশকে দায়ী করা হাস্যকর ও ভিত্তিহীন: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

ভারতের রাজধানী দিল্লিতে সাম্প্রতিক বিস্ফোরণের ঘটনায় বাংলাদেশকে জড়িয়ে কিছু ভারতীয় গণমাধ্যম যে খবর প্রকাশ করেছে, তা সম্পূর্ণ মনগড়া ও উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন।

মঙ্গলবার (১১ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “দিল্লির বিস্ফোরণের সঙ্গে বাংলাদেশের কোনো যোগসূত্র নেই। সুযোগ পেলেই কিছু মহল আমাদের ওপর দোষ চাপানোর চেষ্টা করে, যা এখন আর কেউ বিশ্বাস করে না।”

তৌহিদ হোসেন আরও বলেন, “চীন থেকে অস্ত্র কেনার বিষয়ে বাংলাদেশ কোনো নির্দিষ্ট দেশের দিকে ঝুঁকছে না। আমাদের পররাষ্ট্রনীতি হলো ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখা, এবং আমরা সেই নীতিতেই অটল।”

শেখ হাসিনার মামলার রায় প্রসঙ্গে তিনি বলেন, “রায়ের বিরুদ্ধে জাতিসংঘে আপিল করা যে কারও অধিকার। জাতিসংঘ যদি কোনো মতামত দেয়, সরকার তখন প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।”

উল্লেখ্য, দিল্লির লাল কেল্লার সামনে গাড়ি বিস্ফোরণে অন্তত ১৩ জন নিহত ও বহু মানুষ আহত হন। ঘটনার পর ভারতের কিছু গণমাধ্যম হামলার সঙ্গে বাংলাদেশের নাম জড়িয়ে খবর প্রকাশ করে, যা বাংলাদেশ সরকার দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করেছে।